রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২৬, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

## প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/১২ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২২৩-আইন/২০২৩।**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৭১, ধারা ২ এর উপ-ধারা (৮) এর দফা (ঋ) এর শর্ত (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, অতঃপর কাউন্সিল বলিয়া উল্লিখিত, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়নের উদ্দেশ্যে এতদ্দ্বারা উহা প্রাক্-প্রকাশ করিল।

প্রস্তাবিত প্রবিধানমালা সম্পর্কে কাহারো কোনো মতামত, পরামর্শ বা আপত্তি থাকিলে তাহাকে এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে, কাউন্সিল এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল। উক্ত সময়ের মধ্যে প্রাপ্ত মতামত, পরামর্শ বা আপত্তি বিবেচনা করিয়া কাউন্সিল ইহা চূড়ান্ত করিবে।

১। শিরোনাম।—এই প্রবিধানমালা জনস্বার্থ সংস্থা (ন্যূনতম জনবলের ভিত্তিতে) সংজ্ঞা নির্ণায়ক প্রবিধানমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(ক) **"জনবল"** অর্থ কোনো সংস্থা বা প্রতিষ্ঠানে কর্মরত ও বেতনভোগী বা লাভের অংশীদার স্থায়ী, অস্থায়ী, নৈমিত্তিক, চুক্তিভিত্তিক বা আউটসোর্সিং এর ভিত্তিতে নিযুক্ত ব্যক্তি; এবং

(খ) **"সংস্থা বা প্রতিষ্ঠান"** অর্থ কোনো আইনের অধীন প্রতিষ্ঠিত বা আইনের অধীন নিবন্ধিত বা লাইসেন্সপ্রাপ্ত যে কোনো সংস্থা বা প্রতিষ্ঠান।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **ন্যূনতম জনবলের ভিত্তিতে জনস্বার্থ সংস্থার সংজ্ঞা নির্ণয়, ইত্যাদি**।—(১) ন্যূনতম জনবলের ভিত্তিতে জনস্বার্থ সংস্থার সংজ্ঞা নির্ণয়ের লক্ষ্যে কোনো সংস্থা বা প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের ন্যূনতম সংখ্যা হইবে ৫০ (পঞ্চাশ) জন।

(২) কাউন্সিল বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কোনো সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত জনবলের ভিত্তিতে উহাকে জনস্বার্থ সংস্থা হিসেবে নির্ণয়ের লক্ষ্যে উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের জনবলের তালিকা, নিয়োগ বিধি, নিয়োগ বহি, বেতন বহি, পে-রোল, হিসাব বিবরণী, আর্থিক বিবরণী, নিরীক্ষা বিবরণী, প্রভিডেন্ট ও গ্র্যাচুইটি ফান্ড বা অন্যান্য তথ্য কাউন্সিলে জমা প্রদান বা দাখিলের আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন দাখিলকৃত তথ্য ও দলিলাদি যাচাই-বাছাই করিয়া কাউন্সিল, সন্তুষ্ট হইলে, সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানকে জনস্বার্থ সংস্থা হিসাবে তালিকাভুক্ত করিবে।

(৪) কোনো সংস্থা বা প্রতিষ্ঠান উপ-প্রবিধান (২) এর অধীন চাহিত তথ্য বা দলিলাদি সরবরাহ না করিলে কাউন্সিল উহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের আদেশক্রমে

**ড. মোঃ হামিদ উল্লাহ্ ভূঁঞা**
চেয়ারম্যান
ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল
অর্থ মন্ত্রণালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd